কালের কণ্ঠ

তারিখ ... 04 MAR 2017 ...
পৃষ্ঠা ২১ ... কলাম ৬ ......

নীলফামারীতে সংস্কৃতিমন্ত্রী

# পাঠ্য বইয়ের বাইরেও বই পড়তে হবে

**নীলফামারী প্রতিনিধি ▷**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, 'আইনস্টাইন এত বড় বিজ্ঞানী হয়েও বেহালা বাজাতেন। এত কাজের ভিড়েও তিনি বেহালা বাজানোর সময় পেয়েছেন। আর আমাদের সন্তানদের লেখাপড়া করাতে গিয়ে বলছি তার একটি গল্পের বই পড়ার সময় নেই। আমাদের সন্তানদের প্রকৃত মানুষ হিসেবে তৈরি করতে পাঠ্যপুস্তকের বাইরেও বই পড়ার সুযোগ করে দিতে হবে।'

গতকাল শুক্রবার সকালে নীলফামারী শহরে নতুন দ্বিমুখী উচ্চ বিদ্যালয় মাঠে তিন দিনব্যাপী মাধ্যমিক শিক্ষা মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সংস্কৃতিমন্ত্রী এ কথা বলেন। নীলসাগর গ্রুপের অর্থায়নে বেসরকারি সংস্থা ডাব বাংলাদেশ ও ইউএসএসের আয়োজনে মেলার উদ্বোধনী সভায় সভাপতিত্ব করেন নতুন দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের সভাপতি পৌর মেয়র দেওয়ান কামাল আহমেদ।